

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
**৩নং কাউলীবেড়া ইউনিয়ন পরিষদ**

মোঃ রেজাউল করিম দুদু মিয়া  
চেয়ারম্যান  
৩নং কাউলীবেড়া ইউনিয়ন পরিষদ।  
মোবাইল : ০১৭১৩-৯৩৮৭০০  
০১৯৭৩-৯৩৮৭০০



অফিস : ইউ.পি. কমপ্লেক্স ভবন  
ডাকঘর : কাউলীবেড়া  
উপজেলা : ভাঙ্গা  
জেলা : ফরিদপুর।

স্মারক নম্বর :

তারিখ : .....

**আইন শৃঙ্খলা রক্ষা স্থায়ী কমিটি সভার কার্যবিবরণী**

স্থান: ইউ.পি অফিস

সময়: বেলা ১০.০০ টায়

তারিখ: ২৩/০৭/২০২৩ইং

ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যান জনাব মো: রেজাউল করিম এর সভাপতিত্বে ০৩ নং

০১	মো: রেজাউল করিম	চেয়ারম্যান	স্বাক্ষরিত
০২	ওয়ালিউর রহমান বাবু	০১ নং ওয়ার্ড সদস্য	স্বাক্ষরিত
০৩	মো: মোজাহিদ মিয়া	০২ নং ওয়ার্ড সদস্য	স্বাক্ষরিত
০৪	মো: ফারুক হোসেন	০৩নং ওয়ার্ড সদস্য	স্বাক্ষরিত
০৫	মো: সাজেদুল হক	০৪ নং ওয়ার্ড সদস্য	স্বাক্ষরিত
০৬	মো: জাহিদ মোল্যা	০৫ নং ওয়ার্ড সদস্য	স্বাক্ষরিত
০৭	আবুল বাশার বাচ্চু	০৬ নং ওয়ার্ড সদস্য	স্বাক্ষরিত
০৮	মো: মিজানুর রহমান	০৭ নং ওয়ার্ড সদস্য	স্বাক্ষরিত
০৯	মোঃবাচ্চু বেপারী	০৮ নং ওয়ার্ড সদস্য	স্বাক্ষরিত
১০	মো: সোবাহান মাতুব্বর	০৯ নং ওয়ার্ড সদস্য	স্বাক্ষরিত
১১	লিমন বেগম	সংরক্ষিত মহিলা সদস্য	স্বাক্ষরিত
১২	ময়না বেগম	সংরক্ষিত মহিলা সদস্য	স্বাক্ষরিত
১৩	বিউটি বেগম	সংরক্ষিত মহিলা সদস্য	স্বাক্ষরিত
১৪	মোঃ কাজী আবু জাফর	বীর মুক্তিযোদ্ধা	স্বাক্ষরিত
১৫	মো: বেলায়েত হোসেন	(উপ:সহ: কৃষি কর্মকর্তা)	স্বাক্ষরিত
১৬	মেজবাহ হোসেন	উপ.সহ.ভূমি কর্মকর্তা	স্বাক্ষরিত
১৭	সন্জয় ঘোষাল	উপ:সহ: পরিবার কল্যান কর্মকর্তা	স্বাক্ষরিত
১৮	আলামিন হোসেন	সমাজ সেবক	স্বাক্ষরিত
১৯	সানজিদা	শিক্ষক, খাটরা সরঃ প্রাথঃ বিদ্যালয়	স্বাক্ষরিত
২০	মাহাবুব দেওয়ান	সমাজ সেবক	স্বাক্ষরিত
২১	আঃ সান্তার মিয়া	সচিব	স্বাক্ষরিত

কাউলীবেড়াইউনিয়ন আইন শৃঙ্খলা কমিটির এক বিশেষ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতি সাহেব উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

আলোচ্য সূচী: ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

আলোচনা ও সিদ্ধান্ত: সভায় সভাপতি সাহেবের অনুরোধক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ ও পর্যালোচনা করা হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনীয় না হওয়ায় সভার উহা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

আলোচ্য সূচী: ২। সভায় সভাপতি সাহেব জানান যে, বর্তমানে এলাকার আইন শৃঙ্খলার পরিস্থিতি অনেক ভাল আছে। এলাকায় মাদকের প্রভাব অনেক লোপ পেয়েছে। এছাড়া বিভিন্ন সময়ে বিভিন্ন এলাকায় দু-একটি চুরির ঘটনা ঘটে। এ বিষয়ে সভার সকল সদস্যগণ আলোচনা করেন। অতঃপর গ্রাম পুলিশগণের মাধ্যমে মাঝে মাঝে রাতে পাহারার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। স্থানীয় মাদক, মোবাইল প্রতারণা, সস্তাসী, বাল্যবিবাহ প্রতিরোধ করার জন্য সদস্যগণকে সচেতন হওয়ার জন্য বলা হয়। এ বিষয়ে উপস্থিত সকল সদস্য একমত পোষণ করে। বিশেষ করে এলাকায় মোবাইলে প্রতারণার মাধ্যমে অবৈধ উপায়ে অর্থ হাতিয়ে নেওয়ার গ্রুপ অনেক বেশী সক্রিয় এবং তাদেরও সংখ্যা দিন দিন বেড়েই চলছে। সুতরাং তাদের নিয়ন্ত্রন করা দরকার। এ বিষয়ে আইন শংখলা বাহিনীর সহযোগীতা নেওয়া প্রয়োজন। কোন অনাকাঙ্খিত ঘটনা না ঘটে সে ব্যাপারে সকলকে ও গ্রাম পুলিশকে সর্বোচ্চ সতর্ক থাকতে হবে। এসব বিষয়ে বিস্তারিত আলোচনা করার পর এলাকার আইন শংখলা রক্ষার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য যার যার অবস্থান হতে কাজ করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তাছাড়া এলাকার কিশোর শ্রেণীর দিকে বিশেষ নজর দেওয়ার দরকার কারণ কিশোর গ্যাং হিসাবে যাতে কোন গ্রুপ সক্রিয় হয়ে না উঠে।

উপস্থিত সকল সদস্য একমত পোষণ করে উপরোক্ত বিষয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।